শান্তিগঞ্জ উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যপত্রঃ
অধিবেশন নং ঃ ০৫/২০২১

অদ্য ১২/১০/২০২১ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১২.৩০ ঘটিকায় অত্র শান্তিগঞ্জ উপজেলার "উপজেলা প্রাথমিক ও গনশিক্ষা কমিটি"র এক সভা ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এ উপজেলার উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান (পুরুষ) জনাব নূর হোসেন।

উপস্থিতির স্বাক্ষরঃ

উপস্থিতি "ক" পৃষ্ঠায় দ্রষ্টব্য

সভাপতি মহোদয় সভার সকলকে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিব কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। সভায় নিম্ন লিখিত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত সমূহ |
|---|---|---|
| প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন সংক্রান্ত | উপজেলা শিক্ষা অফিসার শান্তিগঞ্জ ও সদস্য সচিব অবহিত করেন যে, দীর্ঘদিন স্কুল বন্ধ থাকার পর ১২/০৯/২১খ্রিঃ তারিখ হতে বিদ্যালয় সমূহের রুটিন ভিত্তিক শ্রেণি পাঠদান শুরু হয়েছে। এভাড়াও বিভিন্ন অনলাইন স্কুল, বাংলাদেশ সংসদ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের, গুগল মিট অনলাইন ক্লাসের মাধ্যমে পাঠদান কার্যক্রম চালু আছে।<br>শিক্ষাথীদের উপস্তিতি ও শিখন ঘাটতি পূরণ করার জন্য শিক্ষকগন নিয়মিত হোম ভিজিট ও মা সমাবেশের আয়োজন করছেন। কর্মকর্তা সংকট থাকায় মনিটরিং কার্যক্রম ব্যহত হচ্ছে। তিনি সকল পর্যায়ের জন প্রতিনিধি ও সচেতন ব্যাক্তিবর্গকে এ ব্যাপারে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | বিষয়টি উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ মহোদয়ের নজরে আনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সভাপতিকে পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। |
| প্রকল্প গ্রহণ সংক্রান্ত | উপজেলা শিক্ষা অফিসার প্রস্তাব করেন যে, ১) হাসনাবাজ সপ্রাবিতে মাটি ভরাট প্রয়োজন।<br>২) সলফ পশ্চিমপাড়া ও ধরমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাটি ভরাট সহ হাওরের ঢেউ থেকে বিদ্যালয় রক্ষার জন্য প্রটেকশন ওয়ালের সংস্কার প্রয়োজন।<br>৩) জয়সিদ্ধি সপ্রাবিতে মাটি ভরাট সহ হাওরের ঢেউ থেকে বিদ্যালয় রক্ষার জন্য প্রটেকশন ওয়ালের নির্মাণ প্রয়োজন।<br>৪) আসামপুর, ইয়াকুব আলী কামরুপদলং, আহমদাবাদ সপ্রাবি হাওরের ঢেউ থেকে রক্ষা করার জন্য মাটি ভরাট সহ প্রটেকশন ওয়ার নির্মাণ প্রয়োজন।<br>৫) গনিগঞ্জ সপ্রাবির মাঠ সংস্কার প্রয়োজন। বিদ্যালয়টির মাঠে গনিগঞ্জ বাজারের ময়লা আবর্জনা সমূহ ফেলে বিদ্যালয়ের পরিবেশ নষ্ট করা হচ্ছে। এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করা যেতে পারে।<br>৬) নিরাপদ পানির ব্যবস্থা সংক্রান্ত<br>ক. পিঠাপশি ও জীবদাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নলকূপ স্থাপন জরুরী।<br>খ. মির্জাপুর, হাসনাবাজ, নোয়াখালী সপ্রাবিতে স্থাপিত গভীর নলকূপের পানি কাদা ও ময়লা যুক্ত। কখনো কখনো পানি উঠে না।<br>৭) বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বেঞ্চের সংকট রয়েছে। প্রায় ৩০০ জোড়া বেঞ্চ সরবরাহ করা হলে উক্ত সংকটের সমাধান হবে। | প্রস্তাবিত প্রকল্পের বরাদ্দের জন্য উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থপনের জন্য সভাপতিকে অনুরোধ করা হয়। |

অতপর সভায় আর কোন আলোচনায় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করনে।

(নূর হোসেন)
ভাইস চেয়াম্যান(পুরুষ) উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গনশিক্ষা কমিটি
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং- উশিঅ/দঃসুনাম/২০২১/২৫৭ তারিখ ঃ ১২/১০/২০২১খ্রিঃ

সদয় অবগতির ও প্রয়োজনীয় কাযার্থে অনুলিপি প্রেরন করা হইল ঃ

১। জনাব এম.এ. মান্নান, মাননীয় সংসদ সদস্য-২২৬, সুনামগঞ্জ-৩।
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর,মিরপুর-২, ঢাকা-১২১৬।
৩। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ।
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
৭। উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ।
৮। ইন্সট্রাক্টর, ইউআরসি, শান্তিগঞ্জ।
৯। সহকারী উপজেলা শিক্ষা অফিসার, শান্তিগঞ্জ।
১০। অফিস নথি।

(মোহাম্মদ আব্দুল বারেক)
উপজেলা শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত)
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

-ঃ নোটিশ ঃ-

এতদ্বারা **উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির** সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২/১০/২০২১ খ্রিঃ তারিখ বেলা - ১২:৩০ ঘটিকার সময় শান্তিগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ) মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানিত সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ
১। প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন সংক্রান্ত।
২। প্রাথমিক শিক্ষার জন্য উন্নয়ন প্রকল্প গ্রহণ
৩। বিবিধ

১২/১০/২০২১

(মোহাম্মদ আব্দুল বারেক)
উপজেলা শিক্ষা অফিসার
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং ঃ উশিঅ/দঃসুনাম/২০২১/২৪৯ তারিখ ঃ ০৬/১০/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ
১। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ), শান্তিগঞ্জ উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি।
২। জনাব---------------------------------------------------------------------------------সদস্য
৩। উপজেলা চেয়ারম্যান, শান্তিগঞ্জ মহোদয়ের ব্যক্তিগত সহকারী(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ মহোদয়ের ব্যক্তিগত সহকারী(নির্বাহী অফিসার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। অফিস নথি।

(মোহাম্মদ আব্দুল বারেক)
উপজেলা শিক্ষা অফিসার
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

d:\৬ কার্যবিবরনী, কমিটির নিয়মিত সভা\স্থায়ী কমিটি\নোটিশ স্থায়ী কমিটি.doc

"উপজেলা প্রাথমিক ও গনশিক্ষা কমিটি"র এক সভায় সম্মানিত সদস্যবৃন্দের সভায় উপস্থিতি সংক্রান্ত হাজিরা বিবরণী

তারিখ ঃ ১২/১০/২১ খ্রিঃ ,     সময় ১২.৩০ ঘটিকা

স্থানঃ শান্তিগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ) মহোদয়ের অফিস কক্ষে

আলোচ্য বিষয়ঃ

১। প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন সংক্রান্ত।
২। প্রাথমিক শিক্ষার জন্য উন্নয়ন প্রকল্প গ্রহণ
৩। বিবিধ

| ক্রমিক নম্বর | নাম | পদবী | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১. | মোঃ মিজানুর রহমান জিতু | চেয়ারম্যান , শিমুলবাক ইউপি | সদস্য | | |
| ২. | মোঃ মাসুদ মিয়া | চেয়ারম্যান , জয়কলস ইউপি | সদস্য | | |
| ৩. | নূর কালাম | চেয়ারম্যান , পূর্ব বীরগাঁও ইউপি | সদস্য | | |
| ৪. | মোহাম্মদ আব্দুল বারেক | ইউইও(ভারপ্রাপ্ত) | সদস্য সচিব | | |